# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল  এর কার্যালয়

## প্রথম খন্ড

অর্থ বছর ঃ ২০০৭ -২০০৮

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচীপত্র



| ক্রঃ নং | বিবরণ | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১. | কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর প্রত্যয়ন | | ক |
| ২. | মহাপরিচালকের বক্তব্য | | খ |
| ৩. | প্রথম অধ্যায় | | ১ |
| ৪. | অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ | | ৩ |
| ৫. | অডিট বিষয়ক তথ্য | | ৪ |
| ৬. | ম্যানেজমেন্ট ইস্যু | | ৫ |
| ৭. | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | | ৫ |
| ৮. | অডিটের সুপারিশ | | ৫ |
| ৯. | দ্বিতীয় অধ্যায়ঃ | | ৭ |
| ১০. | অনুচ্ছেদ নম্বর ১. | বিধি বহির্ভূতভাবে রেয়াত প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ৯-২০ |
| | অনুচ্ছেদ নম্বর ২. | প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় সরকারের রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ৩. | অনুমোদিত মূল্যের চেয়ে কমমূল্যে পণ্য খালাস / বিক্রয় করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ৪. | সম্পূরক শুল্ক ও মূসক আদায় না করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ৫. | ব্যান্ডরোল ক্রয়ে উৎসে আয়কর কম জমা/ কর্তন করায় সরকারের রাজস্ব ক্ষতি | |
| | অনুচ্ছেদ নম্বর ৬. | নির্ধারিত হার অপেক্ষা অতিরিক্ত হারে অপচয় দেখানোর ফলে রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ৭. | মালামাল নিলামকালে নিলাম গ্রহণকারীর নিকট হতে আয়কর কম কর্তন / কম আদায় করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ৮. | রেয়াতি সুবিধা প্রদান করায় / আলাদাভাবে আমদানীকৃত যন্ত্রাংশ রেয়াতি হারে শুল্কায়ন করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ৯. | বিধি মোতাবেক মোট আয় নিরূপণ না করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ১০. | এস আরও নির্দেশ অমান্য করে বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃক শুন্য হারে রির্টান দাখিল করায় আয়কর কম প্রদানের কারণে রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ১১. | উৎসে আয়কর কম কর্তন করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ১২. | সরল সুদের টাকা কম ধার্য করায় সরকারের রাজস্ব ক্ষতি। | |
| ১১. | মহাপরিচালকের স্বাক্ষর | | ২০ |

**ক**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) (এমেন্ডমেন্ট) এ্যাক্ট, ১৯৭৫ অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এ অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

স্বাক্ষরিত

**আহমেদ আতাউল হাকিম**
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
অব্ বাংলাদেশ

তারিখঃ ১৭-১২-১৪১৭ বঃ / ৩১-০৩-২০১১ খ্রিঃ

খ

## মহাপরিচালকের বক্তব্য

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর বিভিন্ন প্রতিষ্ঠানের ২০০৭-২০০৮ অর্থ বৎসরের হিসাব কয়েকটি অডিট টীম কর্তৃক বিভিন্ন সময়ে নিরীক্ষা সম্পন্ন করা হয়। নিরীক্ষা সমাপনান্তে মোট ১২টি অনুচ্ছেদের সাথে জড়িত অর্থের পরিমাণ ৫২,৫৭,৫৭,১২৯/৭৭ টাকা সম্বলিত আলোচ্য অডিট রিপোর্টটি প্রণয়ন করা হয়েছে।

উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের হিসাব নমুনায়ণের মাধ্যমে নিরীক্ষা করা হয়েছে। মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহের যে সকল আর্থিক অনিয়ম এ রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে তা উত্থাপিত সময়ের সমগ্র লেনদেনের যে ক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হয়েছে তারই প্রতিফলন মাত্র। সুতরাং এ প্রতিবেদনের আপত্তি ও মন্তব্য উদাহরণমূলক এবং তা কোন মতেই প্রতিষ্ঠানসমূহের আর্থিক শৃঙ্খলার পূর্ণাঙ্গ চিত্র নয়।

এ রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত অফিসগুলির ক্ষেত্রবিশেষে সরকারি বিধি-বিধান পরিপালন না করা, যথাযথভাবে শুল্কায়ন ও কর নির্ধারণ না করা, সুশৃঙ্খল আর্থিক ব্যবস্থাপনার অভাব এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যাপ্ত না হওয়ার কারণে অনিয়মগুলি সংঘটিত হয়েছে। অডিট পর্যবেক্ষণের সাথে জড়িত অর্থ আদায়ের বিষয়ে প্রশাসনিক কর্তৃপক্ষের কার্যক্রম ত্বরান্বিত করা হলে সরকারি কোষাগারে উল্লিখিত রাজস্ব জমা করা সম্ভব।

স্বাক্ষারিত

**মোঃ আবদুল বাছেত খান**
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

তারিখ ঃ ০৮-১১-১৪১৭ বঙ্গাব্দ
২৯-০৩-২০১১ খৃষ্টাব্দ

# প্রথম অধ্যায়

(অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| **মূল্য সংযোজন কর (ভ্যাট) বিভাগ সম্পর্কিত আপত্তিসমূহ** | | |
| ১. | বিধি বহির্ভূতভাবে রেয়াত প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ১৫,৯৫,৬৩,৭৪৫/৯৫ |
| ২. | প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ১৬,০৪,৩৯,৭১৭/- |
| ৩. | অনুমোদিত মূল্যের চেয়ে কমমূল্যে পণ্য খালাস / বিক্রয় করায় রাজস্ব ক্ষতি। | ৭,৭২,৬৭,৩১৯/- |
| ৪. | সম্পূরক শুল্ক ও মূসক আদায় না করায় রাজস্ব ক্ষতি। | ১,০৭,০৮,০৪৯/- |
| ৫. | ব্যান্ডরোল ক্রয়ে উৎসে আয়কর কম জমা/ কর্তন করায় সরকারের রাজস্ব ক্ষতি | ১১,৫৫,৯৮৪/- |
| ৬. | নির্ধারিত হার অপেক্ষা অতিরিক্ত হারে অপচয় দেখানোর ফলে রাজস্ব ক্ষতি। | ৩,৭৬,৬৭৩/- |
| **কাস্টমস হাউজ সম্পর্কিত আপত্তিসমূহ** | | |
| ৭. | মালামাল নিলামকালে নিলাম গ্রহণকারীর নিকট হতে আয়কর কম কর্তন / কম আদায় করায় রাজস্ব ক্ষতি। | ৭৫,৮৪,৭৫১/- |
| ৮. | রেয়াতি সুবিধা প্রদান করায় / আলাদাভাবে আমদানীকৃত যন্ত্রাংশ রেয়াতি হারে শুল্কায়ন করায় রাজস্ব ক্ষতি। | ৫,০৫,১৩৩/- |
| **আয়কর বিভাগ সম্পর্কিত আপত্তিসমূহ** | | |
| ৯. | বিধি মোতাবেক মোট আয় নিরূপণ না করায় রাজস্ব ক্ষতি। | ১০,৪৫,১৯,২৭০/- |
| ১০. | এস আরও নির্দেশ অমান্য করে বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃক শুন্য হারে রির্টান দাখিল করায় আয়কর কম প্রদানের কারণে রাজস্ব ক্ষতি। | ৩০,৮৮,১৯৫/- |
| ১১. | উৎসে আয়কর কম কর্তন করায় রাজস্ব ক্ষতি। | ২,৯৫,৫৭৭/- |
| ১২. | সরল সুদের টাকা কম ধার্য করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ২,৫২,৭১৬/- |
| | **সর্বমোট** | **৫২,৫৭,৫৭,১২৯/৭৭** |

# অডিট বিষয়ক তথ্য

**নিরীক্ষা অর্থ বৎসর ঃ** ২০০৭-২০০৮।

**নিরীক্ষিত প্রতিষ্ঠান ঃ** অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

**নিরীক্ষার প্রকৃতি ঃ** আর্থিক ও নিয়মানুসরণ অডিট।

**নিরীক্ষার সময় ঃ** জুলাই/২০০৭ হতে জুন/২০০৮

**আধাসরকারি পত্র নম্বর ও তারিখ ঃ** নং-১৭৩/ডিপি-২/৩য় খন্ড/২০০৭-০৮/ ১০৫, ১১২, ১১৫, ১২০, ১২৯, ১৩৪, ১৩৫, ১৩৬, ১৪৩, ১৪৪ ও ১৫৫ তাং ৬/৬/০৮, ১/১২/০৮, ৩/২/০৯, ৪/৩/০৯, ২/৬/০৯, ১৬/৬/০৯, ২৯/৭/০৯, ২৬/৮/০৯, ২৩/১১/০৯, ১৪/১২/০৯ ও ১৬/২/১০খ্রিঃ।

**নিরীক্ষা পদ্ধতি ঃ**

- রাজস্ব আদায় সংক্রান্ত রেকর্ডপত্র সরজমিনে যাচাই।
- কর্মকর্তা-কর্মচারীদের সাথে আলোচনা।

**অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক তত্ত্বাবধানে যারা ছিলেন ঃ**

**অডিট সম্পাদন ঃ** স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের বিভিন্ন অডিট টীমের সদস্যগণ।

**রিপোর্ট প্রণয়ন ঃ**

- জনাব মোহাঃ নুরুল আবসার, উপ-পরিচালক, (রিপোর্ট)।
- জনাব মোঃ জালাল উদ্দিন, অডিট এন্ড একাউন্টস অফিসার, (রিপোর্ট)।
- জনাব মোঃ সিদ্দিকুর রহমান, অডিট এন্ড একাউন্টস অফিসার, (রাজস্ব)।
- জনাব মোঃ কুদ্দুস মোল্লা, এস এ এস সুপারিনটেনডেন্ট, (রাজস্ব)।

**তত্ত্বাবধান ঃ ড. এ কে এম মুনিরুল হক, পরিচালক**

**সার্বিক তত্ত্বাবধান ঃ মোঃ আবদুল বাছেত খান, মহাপরিচালক।**

**ম্যানেজমেন্ট ইস্যু ঃ** আলোচ্য প্রতিষ্ঠান সমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যালোচনা করে নিম্নোক্ত বিষয়ে শৈথিল্য পরিলক্ষিত হয়েছে ঃ

- বিধি মোতাবেক রেয়াত গ্রহণ করা হয়নি ।
- সরকারের প্রাপ্তি কোষাগারে জমা করা হয়নি ।
- ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দুর্বল মূল্যায়ন ও তদারকি।
- দুর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা।

## অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ ঃ

- ক্ষেত্র বিশেষে কাস্টমস এ্যাক্ট ১৯৬৯, আয়কর অধ্যাদেশ ১৯৮৪, মূল্য সংযোজন আইন ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধিবিধান পরিপালন না করা।
- সুশৃঙ্খল আর্থিক ব্যবস্থাপনার অভাব।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা।

## অডিটের সুপারিশঃ

- সরকারের আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন নিশ্চিত করা আবশ্যক।
- অনিয়মের সাথে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আদায় নিশ্চিত করা প্রয়োজন।
- সরকারি প্রাপ্তি কোষাগারে জমা নিশ্চিত করা আবশ্যক।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা প্রয়োজন।

# দ্বিতীয় অধ্যায়

## (অডিট অনুচ্ছেদসমূহ)

অনুঃ নং- ১

**শিরোনাম ঃ বিধি বহির্ভূতভাবে রেয়াত প্রদান করায় ১৫,৯৫,৬৩,৭৪৫/৯৫ টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ২৬টি কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০০৭ -২০০৮ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, ৮৭টি উৎপাদনকারী ব্যবসা প্রতিষ্ঠানকে বিধি বহির্ভূতভাবে রেয়াত প্রদান করায় সরকারের ১৫,৯৫,৯৩,৭৪৫/৯৫ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেয়া হলো ঃ-

| ক্রঃ নং | বিবরণ | জড়িত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | মূল্য ভিত্তি ঘোষণাপত্র মূসক-১এ ঘোষিত উপকরণের প্রাপ্য রেয়াত অপেক্ষা অতিরিক্ত হারে রেয়াত প্রদান। | ১৪,২৩,১৮,১৪১/৬৬ | বিস্তারিত পরিশিষ্ট "১(ক)" দ্রষ্টব্য |
| ২। | মূল্য ভিত্তি ঘোষণাপত্র মূসক-১এ উপকরণের মুল্য ভিত্তির মধ্যে অন্তর্ভূক্ত না থাকা সত্বেও রেয়াত প্রদান। | ৮৬,৯১,১৭৮/২৯ | বিস্তারিত পরিশিষ্ট "১(খ)" দ্রষ্টব্য |
| ৩। | আমদানীকৃত উপকরণ ক্রয় রেজিষ্টারে এন্ট্রি না করে চলতি হিসাবে অনিয়মিতভাবে রেয়াত প্রদান। | ৩৬,২০,০২৮/- | বিস্তারিত পরিশিষ্ট "১(গ)" দ্রষ্টব্য |
| ৪। | গ্যাস বিলের উপর পরিশোধিত মূসকের প্রাপ্য রেয়াতের চেয়ে অতিরিক্ত রেয়াত প্রদান। | ৪৬,২১,১৬৮/- | বিস্তারিত পরিশিষ্ট "১(ঘ)" দ্রষ্টব্য |
| ৫। | মূল্য ঘোষণা ব্যতিরেকে বিধি বহির্ভূতভাবে রেয়াত প্রদান। | ৩,১৩,২৩০/- | বিস্তারিত পরিশিষ্ট "১(ঙ)" দ্রষ্টব্য |
| | সর্বমোট= | ১৫,৯৫,৬৩,৭৪৫/৯৫ | |

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "১" এ প্রদত্ত হলো।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

- মূল্য সংযোজন কর আইন/১৯৯১ এর ধারা-৫, বিধি ৩(২) এবং ধারা-৯।
- মূল্য সংযোজন কর আইন/১৯৯১ এর ৯(ট) ধারা।
- মূল্য সংযোজন কর আইন/১৯৯১ ধারা-৯(ছ) এবং ধারা ৫(অ), উপধারা (২)।
- মূল্য সংযোজন কর আইন/১৯৯১ এর ধারা ৯ এর উপধারা (ঞ)।

উল্লিখিত বিধি মোতাবেক জড়িত রেয়াতের টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা বাধ্যতামূলক।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- কতিপয় প্রতিষ্ঠান জানায় যে, আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। কিছু প্রতিষ্ঠান উল্লেখ করে যে, নথিপত্র পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- জবাব যথাযথ নয়। কারণ আপত্তিকৃত অর্থ আদায়ের লক্ষ্যে কার্যকরী ব্যবস্থা গ্রহণের কোন তথ্য অডিট অফিসে পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ১৫,৯৫,৬৩,৭৪৫/৯৫ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ২

**শিরোনাম ঃ** **প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় ১৬,০৪,৩৯,৭২৪/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৬টি কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০০৭ -২০০৮ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের অধীন ১০টি উৎপাদনকারী ইউনিট প্রতিষ্ঠানের চলতি হিসাব রেজিষ্টার, ক্রয় হিসাব পুস্তক, বিক্রয় হিসাব পুস্তক, উৎপাদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় ১৬,০৪,৩৯,৭২৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "২ " এ প্রদত্ত হলো।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ

- মূল্য সংযোজন কর বিধিমালা/১৯৯১ এর বিধি-৩ এর উপবিধি-১।
- উল্লিখিত উপবিধি মোতাবেক উপকরণ-উৎপাদন সম্পর্ক বা সহগ (Input-output co-efficient)সহ ফরম মূসক-১ এ মূল্য ভিত্তি সম্পর্কিত ঘোষণা প্রদান করতে হবে এবং ঘোষণা মোতাবেক কাঁচামালের ব্যবহারের ষ্ট্যান্ডার্ড নির্ধারিত। কিন্তু সে মোতাবেক ব্যবহার প্রদর্শন করা হয়নি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- কতিপয় প্রতিষ্ঠান জানায় যে, আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। কিছু প্রতিষ্ঠান জানায় যে, মূসক আইন ও বিধির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- জবাব যথাযথ নয়। কারণ আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমার কোন তথ্য অডিট অফিসে পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ১৬,০৪,৩৯,৭২৪/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ৩

**শিরোনাম ঃ অনুমোদিত মূল্যের চেয়ে কম মূল্যে পণ্য খালাস / বিক্রয় করায় ৭,৭২,৬৭,৩১৯/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৬টি কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০০৭-২০০৮ সনের হিসাব নিরীক্ষায় অধীনস্থ ২০টি ইউনিট /প্রতিষ্ঠান সমূহের ক্রয় রেজিষ্টার, বিক্রয় হিসাব , বিল অব এন্ট্রিসমূহ এবং অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, উৎপাদিত পণ্য অনুমোদিত মূল্য অপেক্ষা কম মূল্যে খালাস/ বিক্রয় করা হয়েছে। এরূপ কম মূল্যে পণ্য বিক্রয় করায় মূল্য সংযোজন কর বাবদ ৭,৭২,৬৭,৩১৯/- টাকা কম পরিশোধ করা হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "৩" এ প্রদত্ত হলো।

  আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ

- মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩(১)।
- নথি নং-৪/মূসক/নিবন্ধন/কালি/২০০২/১৯০৯(৩) তাং ৪/৫/০৬।
- নথি নং-৪/মূসক)৬)৩১১/প্লাষ্টিক ব্যাগ/২০০১/৭২৬৯ তাং ৭/৯/০৬ ও ১৬/৭/০৭।
- শীপ ষ্ট্র্যাপ এর ট্যারিফ মূল্য সংক্রান্ত সাধারণ আদেশ নং-১১/মূসক/২০০৭ তাঙ ২৭/৬/০৭।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- আদায়/ সমন্বয়ের কার্যক্রম নেয়া হবে ।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- জবাব যথাযথ নয়। কারণ আপত্তিকৃত অর্থ আদায় বা সমন্বয় করে সরকারি কোষাগারে জমার কোন তথ্য অডিট অফিসে পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ৭,৭২,৬৭,৩১৯/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ৪

**শিরোনাম ঃ** **সম্পূরক শুল্ক ও মূসক আদায় না করায় ১,০৭,০৮,০৪৯/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৫টি কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০০৭-২০০৮ আর্থিক সনের হিসাব অডিটকালে দেখা যায় যে, সংশ্লিষ্ট সার্কেলের আওতাধীন প্রতিষ্ঠানের মূসক-১৬, মূসক-১৭, মূসক-১৮, মূল্য ঘোষণা, বিল অব এন্ট্রি, চালানপত্র ইত্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, ৬টি উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট সম্পূরক শুল্ক ও ভ্যাট বাবদ টাকা আদায়/ জমা না করায় ১,০৭,০৮,০৪৯/- টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "৪" এ প্রদত্ত হলো।

  আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ

- মূল্য সংযোজন কর আইন/১৯৯১ ও এর দ্বিতীয় ও তৃতীয় তফসিল (২০০৭ এর অর্থ আইন অনুযায়ী সংশোধিত)
- মূল্য সংযোজন কর বিধিমালা,১৯৯১ এর বিধি ৩(১)।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে ব্যবস্থা নেয়া হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- জবাব যথাযথ নয়। কারণ আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমার কোন তথ্য অডিট অফিসে পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ১,০৭,০৮,০৪৯/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ৫

**শিরোনাম ঃ** **ব্যান্ডরোল ক্রয়ে উৎসে আয়কর কম জমা করায় সরকারের ১১,৫৫,৯৮৪/- টাকা রাজস্ব ক্ষতি**

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ২টি কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট সার্কেল এর ২০০৪-২০০৮ সনের হিসাব নিরীক্ষাকালে সার্কেলের আওতাধীন ৭টি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্রয়, বিক্রয়, চলতি রেজিষ্টার, ব্যান্ডরোল ক্রয় রেজিষ্টার, টি আর ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, ব্যান্ডরোল ক্রয়ে উৎসে আয়কর কম জমা করায় সরকারের ১১,৫৫,৯৮৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "৫" এ প্রদত্ত হলো।

  আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

  - অর্থ আইন ২০০৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ধারা ৫২ (বি) সংধোধন মোতাবেক ১/৭/০৭ হতে উৎসে আয়কর ৬% হারে কর্তনের বিধান রয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- যাচাই করে আদায়ের ব্যবস্থা নেয়া হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- জবাব যথাযথ নয়। কারণ আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমার কোন তথ্য অডিট অফিসে পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ১১,৫৫,৯৮৪/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং-৬

**শিরোনাম ঃ** **নির্ধারিত হার অপেক্ষা অতিরিক্ত হারে অপচয় দেখানোর ফলে ৩,৭৬,৬৭৩/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট সোনারগাঁ সার্কেল, নারায়ণগঞ্জ এর ২০০৭-২০০৮ সনের হিসাব নিরীক্ষায় দেখা যায় যে, ৩টি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে নির্ধারিত হার অপেক্ষা অতিরিক্ত হারে অপচয় দেখানোর ফলে ৩,৭৬,৬৭৩/- টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "৬ " এ প্রদত্ত হলো।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ

- মূল্য সংযোজন কর বিধিমালা,১৯৯১ এর বিধি-৩ (১)।

  উল্লিখিত বিধি মোতাবেক মূসক-১ক ফরমে অপচয়ের হার উল্লেখপূর্বক ঘোষণাপত্র প্রদান এবং অপচয়ের ঘোষিত হার মোতাবেক উৎপাদন প্রদর্শন করতে হবে। কিন্তু এক্ষেত্রে ঘোষিত হার অপেক্ষা অতিরিক্ত হারে অপচয় প্রদর্শন করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- জবাব যথাযথ নয়। কারণ আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমার কোন তথ্য অডিট অফিসে পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ৩,৭৬,৬৭৩/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ৭

**শিরোনাম ঃ নিলাম গ্রহণকারীর নিকট হতে আয়কর কম আদায় করায় ৭৫,৮৪,৭৫১/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ঢাকা কাস্টমস হাউজ ও চট্টগ্রাম কাস্টমস হাউজ (রপ্তানী) এর ২০০৭-২০০৮ সনের হিসাব নিরীক্ষায় গোডাউনের রেকর্ডপত্র, নিলাম শাখার নথি ও ডেলিভারী চালান পর্যালোচনায় দেখা যায় যে, মালামাল নিলামের সময় ১৫৩টি প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিলাম গ্রহণকারীর নিকট হতে ৫% এর পরিবর্তে ৩% হারে আয়কর আদায় করায় ৭৫,৮৪,৭৫১/- টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "৭" এ প্রদত্ত হলো।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ

- জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬০-আইন/আয়কর/২০০৭ তাং ২৮/৬/০৭ অনুযায়ী ১/৭/০৭ থেকে ৫% হারে উৎসে আয়কর কর্তনযোগ্য।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- দাবীনামা জারী করে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমার কোন তথ্য অডিট অফিসে পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ৭৬,৪১,৬৯৩/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ৮

**শিরোনাম ঃ** **রেয়াতি সুবিধা প্রদান করায় / আলাদাভাবে আমদানীকৃত যন্ত্রাংশ রেয়াতি হারে শুল্কায়ন করায় ৫,০৫,১৩৩/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কাস্টমস হাউজ, চট্টগ্রাম এর ৪/০৮-৬/০৮ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় বিল অব এন্ট্রি, শিপিং ডকুমেন্ট ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, যন্ত্রাংশসমূহ কোন মূল মেশিনের সাথে আমদানী না করা সত্বেও আলোচ্য চালানসমূহের বিপরীতে মেশিনারী সুবিধা প্রদান করায় ৫,০৫,১৩৩/- টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " **৭** " এ প্রদত্ত হলো।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ

- এস আর ও নং-১১৪ তাং ৮/৬/০৬।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- স্থানীয় অফিস জবাব প্রদানে বিরত থাকে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমার কোন তথ্য অডিট অফিসে পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ৫,০৫,১৩৩/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং-৯

**শিরোনাম ঃ** বিধি মোতাবেক মোট আয় নিরূপণ না করায় ১০,৪৫,১৯,২৭০/- টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৬টি উপ-কর কমিশনার, কোম্পানীজ সার্কেলের ২০০৬-২০০৮ অর্থ বৎসরের অডিটে করদাতার নথি পরীক্ষায় দেখা যায় যে, ১৩টি কোম্পানীর ক্ষেত্রে বিধি মোতাবেক মোট আয় নিরূপণ না করায় ১০,৪৫,১৯,২৭০/- টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " ৯" এ প্রদত্ত হলো।
  আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ
- জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬৯-আইন/২০০৪/৪১৫-মূসক তাং ১০/৬/২০০৪
- আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩ (ইই)
- আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৩০(এএ)
- আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৭ম অধ্যায়
- অর্থ আইন ২০০১ এর মাধ্যমে কর অবকাশ সুবিধাপ্রাপ্ত করদাতাদের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৪৬-এ ধারার ৭(সি) উপধারায় সংযোজিত নতুন ক্লজ সি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- আইন ও বিধি বিধান অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- জবাব যথাযথ নয়। কারণ আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমার কোন তথ্য অডিট অফিসে পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ১০,৪৫,১৯,২৭০/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ১০

**শিরোনাম ঃ** **এস আর ও'র নির্দেশ অমান্য করে বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃক শুন্য হারে রিটাণ দাখিল করায় আয়কর বাবদ ৩০,৮৮,১৯৫/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন উপ-কর কমিশনার, কোম্পানীজ সার্কেল-৯, কর অঞ্চল-৩ এর ২০০৭-২০০৮ সনের হিসাব নিরীক্ষায় আয়কর রিটাণ, হিসাব বিবরণী, ২০০৬-২০০৭ কর বৎসরের, কর নির্ধারণী আদেশ (আইটি-৮৮), আই টি-৩০ ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, এস আর ও'র নির্দেশ অমান্য করে ২টি বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃক শুন্য হারে রিটার্ণ দাখিল করায় আয়কর বাবদ ৩০,৮৮,১৯৫/- টাকা সরকারের রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " ১০ " এ প্রদত্ত হলো।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

- এস আর ও নং-১৫৮/আইন/আয়কর/২০০৭ তাং ২৮/৬/০৭ মোতাবেক বেসরকারি বিশ্ববিদ্যালয় বা কলেজ সমূহের সমুদয় প্রাপ্তির উপর ১৫% হারে আয়কর প্রদানের নির্দেশ রয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ৮২ (বিবি) ধারায় রিটার্ণ দাখিল করায় কার্যক্রম গ্রহণ করা হয়নি।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- বর্ণিত এস আর ও এর নির্দেশ মোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহণ করে অডিট অফিসকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ৩০,৮৮,১৯৫/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ১১

**শিরোনাম ঃ** **উৎসে আয়কর কম কর্তন করায় আয়কর বাবদ ২,৯৫,৫৭৭/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন উপ-কর কমিশনার, কোম্পানী সার্কেল-৬, কর অঞ্চল-২, ঢাকা এর ২০০১-২০০৮ সনের হিসাব নিরীক্ষায় শিহাব জুট স্পিনার্স লিঃ, টি আই এন নং-০৩৭-২০১-০১৬২ এর বিবরণী, কর নির্ধারণী আদেশ (আইটি-৮৮), আই টি-৩০, উৎসে কর কর্তনের চালান ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, পুঞ্জিভূত পরিশোধিত বিলের পরিমান ১ লক্ষ টাকার অধিক হতে ৫ লক্ষ টাকা পর্যন্ত ১%, ৫লক্ষ টাকার অধিক হতে ১৫ লক্ষ টাকা পর্যন্ত ২.৫%, ১৫ লক্ষ টাকার অধিক হতে ২৫ লক্ষ টাকা পর্যন্ত ৩.৫% এবং ২৫ লক্ষ টাকার অধিক হলে উৎসে ৪% হারে আয়কর কর্তন করার বিধান থাকা সত্বেও সঠিকভাবে তাহা প্রতিপালন না করায় সরকারের ২,৯৫,৫৭৭/- টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " ১১" এ প্রদত্ত হলো।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

- আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫৩ ডি,ডি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- আপত্তিকৃত টাকা আদায় করে অডিট অধিদপ্তরকে জানানো হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমার কোন তথ্য অডিট অফিসে পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ২,৯৫,৫৭৭/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ১২

**শিরোনাম ঃ** **সরল সুদের টাকা কম ধার্য করায় সরকারের ২,৫২,৭১৬/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন উপ-কর কমিশনার, কোম্পানীজ সার্কেল-৬, কর অঞ্চল-২, ঢাকা এর ২০০৭-২০০৮ সনের হিসাব নিরীক্ষায় রহমান শীপ ব্রেকার্স লিঃ, টি আই এন নং- ৩৪১-২০০-০৭৭২ এর আয়কর নথি, আই টি-৩০, আই টি-৮৮, চালানপত্র ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, সরলসুদ কম ধার্য করায় ২,৫২,৭১৬/- টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট " **১২** " তে প্রদত্ত হলো।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

- আয়কর অধ্যাদেশ ১৮৮৪ এর ধারা ৭৩।৷

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- ১৭৩ ধারায় সংশোধনী পত্র জারী করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমার কোন তথ্য অডিট অফিসে পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ২,৫২,৭১৬/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

স্বাক্ষরিত

**মোঃ আবদুল বাছেত খান**
মহাপরিচালক
ফোন ঃ ৮৩১৬১৩০।

বাঃসঃমু-২০১০/১১-৪৩৫১কম/এ-৭৫০ বই, ২০১১।